

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ/ ২৭ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

নথি-০৮.০০.০০০০.৬১১.০৬.০০১.১৯.৮১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার রাষ্ট্রের বিভিন্ন গোয়েন্দা কার্যক্রম সমষ্টি, সীমাবদ্ধতা দূরীকরণ ও গতিশীলতা আনয়নের জন্য ‘ন্যাশনাল কমিটি ফর ইন্টেলিজেন্স কো-অর্ডিনেশন (এনসিআইসি)’ নিম্নরূপে গঠন করেছে :

(ক) কমিটির গঠন :

- | | |
|---|------------------|
| (১) প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : সভাপতি |
| (২) প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা | : প্রধান সমষ্টিক |
| (৩) মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | : সদস্য |
| (৪) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : সদস্য |
| (৫) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : সদস্য |
| (৬) সচিব, জননিরাপত্তা বিভাগ | : সদস্য |
| (৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ | : সদস্য |
| (৮) মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ | : সদস্য |
| (৯) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর (ডিজিএফআই) : | সদস্য |
| (১০) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর (এনএসআই) : | সদস্য |
| (১১) মহাপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স | : সদস্য |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(১৩৯৪৫)

মূল্য : টাকা ৪.০০

(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণ :

- (১) মহাপরিচালক, র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন
- (২) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাংশ অব পুলিশ (এসবি)
- (৩) অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, ক্রিমিনাল ইনভেস্টিগেশন ডিপার্টমেন্ট (সিআইডি)
- (৪) অতিরিক্ত পুলিশ কমিশনার, কাউন্টার টেরোরিজম এন্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট, ডিএমপি

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) দেশের বিরাজমান নিরাপত্তা পরিস্থিতি মূল্যায়নসাপেক্ষে গোয়েন্দা দুর্বলতাসমূহ চিহ্নিত ও গোয়েন্দা কার্যক্রম সুসমষ্টিত করার জন্য সুপারিশ প্রণয়ন;
 - (২) গোয়েন্দা কার্যক্রমের প্রয়োজনীয়তাসমূহকে মূল্যায়ন করতঃ গুরুত্ব ও অগ্রাধিকার নির্ধারণ;
 - (৩) গোয়েন্দা কার্যক্রম সুসমষ্টিত করার জন্য সংস্থাসমূহের কার্যপরিধি ও ক্ষেত্র নির্ধারণ;
 - (৪) গোয়েন্দা তথ্য আদান প্রদানের জন্য সংস্থাসমূহকে সহায়তা প্রদান;
 - (৫) গোয়েন্দা কার্যক্রমের দুর্বলতাসমূহ চিহ্নিত করতঃ তা নিরসনে আশু ব্যবস্থা গ্রহণ; এবং
 - (৬) সভাপতি কর্তৃক নির্দেশিত অন্যান্য যে কোনো গোয়েন্দা কার্যক্রম।
- (ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।
- (ঙ) কমিটি প্রয়োজন ও ক্ষেত্র বিবেচনায় অন্যান্য সশস্ত্র ও আইন-শৃঙ্খলা বক্ষাকারী বাহিনীর গোয়েন্দা প্রধান বা অন্য কোনো কর্মকর্তাকে কমিটিতে সদস্য/সহায়তাদানকারী কর্মকর্তা হিসাবে নির্দিষ্ট সময়ের জন্য কো-অপ্ট করতে পারবে।

(চ) কমিটির সচিবালয় :

কমিটির একটি সচিবালয় থাকবে যা প্রধানমন্ত্রীর কার্যালয়ে অবস্থিত হবে। সচিবালয়ের জন্য প্রয়োজনীয় অবকাঠামো ও জনবল সরকার কর্তৃক নিরোগের পূর্ব পর্যন্ত কমিটি কর্তৃক সভায় নির্ধারিত সিদ্ধান্ত অনুযায়ী যে কোনো একটি গোয়েন্দা সংস্থা নির্ধারিত মেয়াদে কমিটির সচিবালয়ের দায়িত্ব পালন করবে। সংশ্লিষ্ট গোয়েন্দা সংস্থার প্রধান সভাপতির অনুমোদনক্রমে উক্ত মেয়াদে সচিবালয়ের জন্য প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুবিধা প্রদান করবেন।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd